দৈনিক সংবাদ

তারিখ ... 16 JAN 1994
পৃষ্ঠা 7 কলাম 7

26

### মুহসীন হলে গুলিবর্ষণ

# দুই হলে অবস্থান নিয়েছে ছাত্রদলের দুই গ্রুপ

(নিজস্ব বার্তা পরিবেশক)

গত শুক্রবার রাত ১টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুহসীন হল থেকে ৪/৫ রাউন্ড ফাঁকা গুলিবর্ষণের ঘটনা ঘটেছে।

জাতীয়তাবাদী ছাত্রদলের সঙ্গে ঘনিষ্ঠ সূত্র জানায়, ছাত্রদলের অভ্যন্তরে আবারো গ্রুপিং মাথাচাড়া দিয়ে উঠেছে। এক গ্রুপের অবস্থান ঢাকা বিশ্ববিদ্যালয়ের জিয়া হলে; অপর গ্রুপের অবস্থান সূর্যসেন হলে।